

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সভার, ঢাকা-১৩৪১

সভাপতি ড. নাথু রাম সরকার
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ ১৪/০২/২০১৯ খ্রিঃ
সভার সময় সকাল ১১:০০ ঘটিকা
স্থান বিএলআরআই এর প্রাণী উৎপাদন গবেষণা বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি সংযুক্তি-১ মোতাবেক

গত ১৪/০২/২০১৯ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন সভার কার্যবিবরণী

গত ১৪ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ইনস্টিটিউটের মহাপরিচালক ড. নাথু রাম সরকার এর সভাপতিত্বে বিএলআরআই এর প্রাণী উৎপাদন গবেষণা বিভাগের সম্মেলন কক্ষে একটি ইনোভেশন সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১.	মোঃ আজহারুল আমিন	অতিরিক্ত পরিচালক	স্বাক্ষরিত
০২.	ড. মোঃ আজহারুল ইসলাম তালুকদার	সিএসও ও প্রকল্প পরিচালক	স্বাক্ষরিত
০৩.	ড. মোঃ এরসাদুজ্জামান	পিএসও ও বিভাগীয় প্রধান	স্বাক্ষরিত
০৪.	ড. মোঃ আবদুল জলিল, মেন্টর, ইনোভেশন টিম	পিএসও ও বিভাগীয় প্রধান	স্বাক্ষরিত
০৫.	ড. এস এম জাহাঙ্গীর হোসেন	পিএসও ও বিভাগীয় প্রধান	স্বাক্ষরিত
০৬.	ড. নাসরিন সুলতানা, ইনোভেশন অফিসার	পিএসও ও বিভাগীয় প্রধান	স্বাক্ষরিত
০৭.	ড. গৌতম কুমার দেব, মেন্টর, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৮.	ড. মুহাম্মদ আবদুস সামাদ, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৯.	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
১০.	ড. ছাদেক আহমেদ, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
১১.	নাজমুল হুদা, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
১২.	মোঃ পনির চৌধুরী	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
১৩.	মোঃ ফয়জুল হোসাইন মিরাজ, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
১৪.	নুরে হাছনি দিশা	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
১৫.	মোঃ আল-মামুন, সদস্য, ইনোভেশন টিম	লাইব্রেরিয়ান	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার সাধারণ আলোচনায় মহাপরিচালক মহোদয় বিএলআরআই কর্তৃক উদ্ভাবিত সকল প্রযুক্তিগুলো নিয়ে পর্যায়ক্রমে মোবাইল অ্যাপস তৈরীর জন্য উপস্থিত বিজ্ঞানীদের নির্দেশ দেন। সভায় “খামার বানিজ্যের A to Z” ও “ব্রিডিং ক্যালেন্ডার” উদ্ভাবনী আইডিয়া দুটি এর উদ্ভাবক যথাক্রমে জনাব নাজমুল হুদা ও জনাব মোঃ ফয়জুল হোসাইন মিরাজ উপস্থাপন করেন। উপস্থাপিত আইডিয়া দুটির উপর উপস্থিত বিজ্ঞানীগণ উন্মুক্ত আলোচনা করেন, আলোচনায় বিজ্ঞানীগণ আইডিয়া দুটির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন ও আইডিয়া দুটি নিয়ে মোবাইল অ্যাপস তৈরীর বিষয়ে বিভিন্ন নতুন মাত্রা যোগ করার জন্য ইনোভেটরদেরকে পরামর্শ দেন। সভায় “ব্রিডিং ক্যালেন্ডার” আইডিয়াটির শিরোনাম পরিবর্তন করে “ডেইরী ব্রিডিং ম্যানেজার” নামকরণ করার প্রস্তাব করা হয়, তবে আইডিয়াটির উদ্ভাবক জনাব মোঃ ফয়জুল হোসাইন মিরাজ “বিএলআরআই ডেইরী ব্রিডিং ম্যানেজার” নামকরণের প্রস্তাব করেন। সভায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

- ১। বিএলআরআই ফিড মাস্টার মোবাইল অ্যাপসটি এটুআই এর তালিকাভুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা।
- ২। নির্মিত অ্যাপস সমূহের অনলাইন ভার্সন চালু করা।
- ৩। অ্যাপসসমূহের অনলাইন ভার্সন চালু করতে সিস্টেম এ্যানালিস্টকে অন্তর্ভুক্ত করা।
- ৪। অ্যাপসসমূহ বাংলা ভার্সনে তৈরী করা।


“ বিএলআরআই ডেইরী ব্রিডিং ম্যানেজার” সম্পর্কে প্রদত্ত সুপারিশসমূহঃ

- ১। অ্যাপস এর হোম পেজে যাতে খামারের একটি সংক্ষিপ্ত বিবরণ দেখতে পাওয়া যায় তার ব্যবস্থা থাকতে হবে।
- ২। খামারের প্রত্যেকটি প্রাণীর ইতিহাস (প্যারেন্টসহ) সংযুক্ত করার ব্যবস্থা থাকতে হবে।
- ৩। অ্যাপস এর প্রশিক্ষণের জন্য বাজেট বরাদ্দ করতে হবে।
- ৪। সমজাতীয় কোন সফটওয়্যার বা অ্যাপস থাকলে তা স্যাম্পল হিসেবে সংগ্রহ করতে হবে।
- ৫। দেশী ও সংকর জাতের প্রাণির জন্য আলাদা স্ট্যান্ডার্ড যুক্ত করা ও আলাদাভাবে ডাটা ইনপুট দেয়ার ব্যবস্থা রাখা।
- ৬। ব্রিডিং পলিসির বিষয় অ্যাপস এ অন্তর্ভুক্ত না করা।
- ৭। অ্যাপস এর মেনুতে প্রয়োজনীয় নির্দেশনা যোগ করা।
- ৮। কৃত্রিম প্রজননের ক্ষেত্রে ব্যবহৃত সিমেন এর ব্লাড পার্সেন্টেজ এর তথ্য অ্যাপস এর মাধ্যমে নির্দেশনা না দেয়ার পক্ষে সভায় মতামত প্রদান করা হয়।

“খামার বানিজ্যের A to Z” সম্পর্কে প্রদত্ত সুপারিশসমূহঃ

- ১। ইনোভেশন টিমের পরবর্তী সভায় “খামার বানিজ্যের A to Z” অ্যাপস এর উপর একটি ভিডিও তথ্যচিত্র প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। বিভিন্ন প্রাণীর খাদ্য ব্যবস্থাপনা ও অন্যান্য বিষয় চূড়ান্তরূপে অ্যাপস এ সংযোজনের পূর্বে বিষয় সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণের নিকট স্ক্রিপট দেখিয়ে তথ্য ও উপাত্তসমূহ যাচাই-বাছাই করে নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। চলতি বছরের কার্যক্রম সম্পন্নপূর্বক পরবর্তী বছরের প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে এটুআই এর নিকট প্রয়োজনীয় বাজেট প্রাপ্তির আবেদন করার জন্য পরামর্শ প্রদান করা হয়।
- ৪। একটি অ্যাপস এর মধ্যে তিনটি প্যাকেজ একসাথে না উপস্থাপন করে আলাদাভাবে উপস্থাপনের পরামর্শ দেয়া হয়।

আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. নাথু রাম সরকার

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.৩০৮.০৬.০০২.১৭.৬


তারিখ: ১২ ফাল্গুন ১৪২৫

২৪ ফেব্রুয়ারি ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সকল বিভাগীয় প্রধান
- ২) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

- ৫) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা , বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা , প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৮) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণী উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৯) বৈজ্ঞানিক কর্মকর্তা, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১০) বৈজ্ঞানিক কর্মকর্তা , ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট



মোঃ আল-মামুন
লাইব্রেরিয়ান